দৈনিক খবর

13 AUG 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮

52

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# চ্যান্সেলর ও প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা

চট্টগ্রাম, ১২ই আগস্ট (বাসস)।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিক্ষক পরিষদ এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতারা ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ পুনরুদ্ধারের লক্ষ্যে গত ২২শে ডিসেম্বরের ঘটনার তদন্ত কমিশন রিপোর্ট বাস্তবায়নে তাদের দাবীর পুনরুল্লেখ করেছেন।

পরিষদের আহবায়ক ও যুগ্ম

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## চ্যান্সেলর

প্রথম পৃষ্ঠার পর

আহবায়ক ডঃ মাহফুজুল হক এবং ডঃ মুহাম্মদ মাহবুল্লাহ এবং সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক ইউসুফ শরীফ আহমেদ খান ও ডঃ আবুল কালাম আজাদ পৃথক পৃথক বিবৃতিতে উল্লেখ করেন যে, 'চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অব্যাহত অচলাবস্থা ক্যাম্পাস পরিস্থিতিকে আরো জটিল করে ফেলেছে।

তারা অভিযোগ করেন যে, একটি কায়েমী স্বার্থান্বেষী মহল মাথাচাড়া দিয়ে উঠেছে এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সকল প্রচেষ্টা নস্যাৎ করে দিচ্ছে। তারা আর কাল বিলম্ব না করে অচলাবস্থা অবসানে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর এবং প্রধানমন্ত্রীর প্রতি আহবান জানিয়েছেন।